

**বিষয়ঃ RFQ পদ্ধতিতে “রিবন সরবরাহের পুনঃ দরপত্র” আহ্বান প্রসংগে।**

লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর নিজস্ব তহবিলের আওতায় নিম্নোক্ত স্পেসিফিকেশন ও শর্ত মোতাবেক “রিবন” সরবরাহের জন্য বাংলাদেশী প্রকৃত ব্যবসায়ী/এজেন্ট/সরবরাহকারীর নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত পুনঃ দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	বিবরণ	পরিমাণ	উদ্ধৃতমূল্য (টাকায়)	
			এককমূল্য	মোটমূল্য
০১	ডট প্রিন্টার রিবন: Model Epson-LQ-2180 / 2190, Brand : Inmor , Length: 60 Meter, Country Of Origin-China . উন্নতমানের, নমুনা মোতাবেক	৩১৬ টি		
	কথায় :		সর্বমোট =	

**শর্তাবলী:**

- ০১। কোটেশন সমূহ আগামী ৩০-০৪-২০২৪ খ্রিঃ তারিখ দুপুর ১২ঃ০০ ঘটিকার মধ্যে লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, লক্ষ্মীপুর অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাস্তবে জমা প্রদান করতে হবে। ডাক/ কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২। দাখিলকৃত কোটেশন সমূহ ঐ দিনই ৩০-০৪-২০২৪ খ্রিঃ দুপুর ১২ঃ০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৩। খামের উপর স্পষ্টাক্ষরে “রিবন সরবরাহের দরপত্র” লিখে নিজ প্রতিষ্ঠানের সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে।
- ০৪। দরদাতা প্রতিষ্ঠানকে দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর, ভ্যাট রেজিস্ট্রেশন ও অভিজ্ঞতা সনদ পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৫। সফল দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হলে কার্যাদেশ ইস্যুর ১০ দিনের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।
- ০৬। কার্যাদেশ প্রদানের সময় মালামাল কম/বেশী হতে পারে। দরপত্রে কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
- ০৭। কার্যাদেশ প্রাপ্ত দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিলের পর নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন সাপেক্ষে পবিস কর্তৃক একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৮। যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য বিলম্বে সরবরাহকৃত মালামালের কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তন যোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- ০৯। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ১০। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন/ সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১১। বর্ণিত শর্তসমূহে কোন বিষয় উল্লেখ না থাকলে সে বিষয়ে লক্ষ্মীপুর পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

অনুলিপি : (বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধ সহ)

- ১। পরিচালক, পবিস মনিঃ ও ব্যঃ পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (সদয় অবগতির নিমিত্তে)।
- ২। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
- ৩। পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
- ৪। সিনিয়র জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজার -----পবিস- ১/২/৩/৪
- ৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ফেনী।
- ৬। ডি. জি. এম (কারিগরী)/রামগঞ্জ/রায়পুর/রামগতি/চন্দ্রগঞ্জ/ভবানীগঞ্জ/কমলনগর জোনাল অফিস, লপবিস।
- ৭। এ. জি. এম (অর্থ-হিসাব)/(ওএন্ডএম)/(ইএন্ডসি)/(সদস্য সেবা)/( আইটি-ইএন্ডআই/ওএন্ডজি) লপবিস।
- ৮। সহকারী প্রকৌশলী, বাপবিবো, লক্ষ্মীপুর।
- ৯। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১), লপবিস-বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে।
- ১০। নোটিশ বোর্ড, লক্ষ্মীপুর পবিস।
- ১১। অফিস কপি/মাষ্টার কপি।

(মোহাম্মদ আসাদুজ্জামান খান)  
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

(মোহাম্মদ আসাদুজ্জামান খান)  
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)